

জাতীয় বিশ্ববিদ্যালয়, সিএসই বিভাগ

২৪/১১/২০২৫



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং(০-৫)- জাতী: বি:/পরী:/প্রফে:/সিএসই/২০২১/৫৩/২৩৮৫৭

তারিখঃ ২৩/১১/২০২৫

সংশোধিত বিজ্ঞপ্তি :

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ২০২৪ সালের বি.এসসি অনার্স ইন-কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) তৃতীয় বর্ষ ৫ম সেমিস্টার পরীক্ষার আবেদন ফরম পূরন নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online-এ সম্পন্ন করা হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী পরবর্তীতে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের ইনকোর্স নম্বর, বিবরণী ফরম ও Pay Slip (সোনালী সেবা) সহ সংশ্লিষ্ট আনুষঙ্গিক কাগজপত্র শাখায় জমাদানের তারিখ, নিয়মাবলী ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো :

১। পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি, নিশ্চয়ন, বিবরণী ফরম পূরণ ও জমা করার তারিখ :

- ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণের আবেদন করার তারিখ : ২৪/১১/২০২৫ হতে ০৭/১২/২০২৫ পর্যন্ত
- খ) শিক্ষার্থী কর্তৃক প্রিন্টকৃত ফরম কলেজে জমা দেয়ার শেষ তারিখ : ০৮/১২/২০২৫
- গ) শিক্ষার্থীর ডাটা নিশ্চয়ন করার তারিখ (কলেজ কর্তৃক) : ০৯/১২/২০২৫ পর্যন্ত ডাটা নিশ্চয়ন করা যাবে
- ঘ) সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক) : ১০/১২/২০২৫ ও ১১/১২/২০২৫

২। পরীক্ষার ফি (পরীক্ষার্থী প্রতি) :

ক) পরীক্ষার ফি (তৃতীয়) নিয়মিত/অনিয়মিত (প্রতিপত্র)	৬০০/-
খ) মানোন্নয়ন ফি (প্রতিপত্র)	১০০০/-
গ) কেন্দ্র ফি (কলেজে জমা হবে-১০০/-) (কেন্দ্রে জমা হবে-৫০০/-)	৬০০/-
ঘ) ইনকোর্স ফি -১) বিশ্ববিদ্যালয়ে জমা হবে- ১৫০/- ২) কলেজে জমা হবে- ৩০০/-	৪৫০/-
ঙ) ব্যবহারিক ও মৌখিক (প্রতিপত্র) (বিশ্ববিদ্যালয়ে জমা হবে)	৬০০/-
চ) ব্যবহারিক ও মৌখিক কেন্দ্র ফি (কলেজে জমা হবে)	৪০০/-

৩। পরীক্ষায় যারা অংশগ্রহণ করতে পারবে :

পরীক্ষারনাম	শিক্ষাবর্ষ				শর্তাবলী
	নিয়মিত	অনিয়মিত	মানোন্নয়ন	'F'গ্রেড প্রাপ্ত	
সিএসই তৃতীয় বর্ষ, ৫ম সেমিস্টার পরীক্ষা ২০২৪	২০২১-২০২২	২০২০-২০২১ ২০১৯-২০২০	২০২৩ সালের পরীক্ষায় ৩য় সেমিস্টার C+, C এবং D গ্রেড প্রাপ্ত পরীক্ষার্থীরা এবারই সর্বোচ্চ ২টি পত্রের মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে এবং একবারের বেশি মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে না।	২০১৮-২০১৯ ২০১৭-২০১৮	১। উক্ত শিক্ষা বর্ষের বাইরে কেউ ফরম পূরণ করতে পারবে না। ২। পূর্বে ৪র্থ সেমিস্টার পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে কেউ ফরম পূরণ করতে পারবে না।

৪। পরীক্ষা পদ্ধতি ও পাঠ্যসূচী :

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত সিএসই কোর্সের সংশোধিত রেগুলেশন এবং পাঠ্যসূচী অনুযায়ী উপরিউক্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৫। অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) :

- ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (ems.nu.ac.bd) form Fill-up এ গিয়ে Apply to online form Fill-up (For Student) লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।
- খ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আঁকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।
- গ) ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেকে অবশ্যই জমা দিতে হবে।
- ঘ) যদি কোন বৈধ পরীক্ষার্থীর ডাটা সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী নিজেই বা কলেজ কর্তৃপক্ষ উল্লেখিত তারিখের মধ্যে সরাসরি জানাতে হবে।

৬। অনলাইনে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি (কলেজের জন্য) :

- ক) পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি অনলাইন-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)-এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদন বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd) - এ গিয়ে College Log in (For College Authority) এ প্রবেশ করে College Password ব্যবহার করে পরীক্ষার্থীর ডাটা